দৈনিক ইত্তেফাক

তারিখ 27 FEB 1995
পৃষ্ঠা ৬ কলাম ৪

06

# বইমেলা সমাপ্ত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।। বাংলা একাডেমীর বইমেলা গত শনিবার শেষ হইয়াছে। অন্যান্য বছরের তুলনায় এবারের বই মেলা তেমন উৎসবমুখর হয় নাই। প্রতি দিনের মত শেষ দিনেও মেলা দর্শকশূন্য ছিল। দুপুরের পর মেলার অধিকাংশ ষ্টল গুটাইয়া নেওয়ার কাজ শুরু হয়। এবারের বই মেলায় গত ২৫ দিনে

(৪র্থ পৃঃ দ্রঃ)

## বইমেলা সমাপ্ত

(৩য় পৃঃ পর)

প্রায় অর্ধকোটি টাকার বই বিক্রয় হইয়াছে বলিয়া জানা গিয়াছে। এবারের মেলায় বই বিক্রয়ের তালিকায় শীর্ষে ছিলেন হুমায়ূন আহমদ। ইহার পরে রহিয়াছেন হুমায়ুন আজাদ ও ইমদাদুল হক মিলন। মেলার খোঁজ নিয়া জানাযায়, তসলিমা নাসরিনের উপন্যাসের পাশাপাশি কবিতা, প্রবন্ধ ও গল্পের বইও ভাল চলিয়াছে। কবিদের মধ্যে শামসুর রাহমান, আল-মাহমুদ, মহাদেব সাহা, সৈয়দ শামসুল হক ও রফিক আজাদ শীর্ষে ছিলেন। মেলায় বৈচিত্র্যপূর্ণ ও আকর্ষণীয় অঙ্গসজ্জার জন্য 'সন্ধানী প্রকাশনা'সহ ৩টি ষ্টলকে বাংলা একাডেমী পুরস্কৃত করিয়াছে।